

‘রোহিঙ্গাদের না বলা গল্প’ নিয়ে প্রদর্শনী ১৩-১৫ জুলাই

🕒 ১২ জুলাই ২০১৮, ০০:০০



নির্মেঘ ফাউন্ডেশন এবং আর্ট ফর কজ : পার্ট-১ এর উদ্যোগে এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পৃষ্ঠপোষকতায় রাজধানীর দূক গ্যালারিতে আগামী ১৩-১৫ জুলাই ‘রোহিঙ্গাদের না বলা গল্প’ শিরোনামে এক শিল্পকর্ম প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। রোহিঙ্গা সঙ্কটকে উপজীব্য করে রাজধানীর বিভিন্ন স্কুলের চিত্রশিল্পী, আলোকচিত্রী এবং গ্রাফিক ডিজাইনারদের সমন্বয়ে গঠিত ২৫ সদস্যের একটি দল তাদের মেধা আর সৃজনশীলতা দিয়ে দক্ষ তুলির আঁচড়ে রোহিঙ্গাদের আবেগ-অনুভূতি, সংগ্রাম ও বেঁচে থাকার নিদারুণ অর্থকষ্টের সেসব চিত্র তুলে ধরেছেন। গতকাল বুধবার রাজধানীর সোবহানবাগে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে আয়োজিত ‘আর্ট ফর কজ : পার্ট-১ রোহিঙ্গাদের না বলা গল্প’ শিরোনামে আয়োজিত ‘মিট দ্য প্রেস’ অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়। আয়োজনের বিস্তারিত তুলে ধরে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ‘আর্ট অব কজ’-এর প্রধান দুই উদ্যোক্তা গ্রিন হেরাল্ড স্কুলের শিক্ষার্থী মো: শাদাব নাভিদ ও দীপ্ত বিশ্বাস, নির্মেঘ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও ইন্টারন্যাশনাল তার্কিস হোপ স্কুলের ও লেভেল শিক্ষার্থী ফারিয়া সাফা খান, ম্যাপল লিফ ইন্টারন্যাশনাল স্কুলের এ লেভেল শিক্ষার্থী সাদাৎ আনোয়ার ও স্কলাসটিকা স্কুলের এ লেভেল শিক্ষার্থী জেরিন সুবাহ রোদেলা। এ সময় আরো উপস্থিত ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির স্টুডেন্টস অ্যাফেয়ার্সের পরিচালক সৈয়দ মিজানুর রহমান, উর্ধ্বতন সহকারী পরিচালক (মিডিয়া ল্যাব) শেখ মো: আব্দুর রাজ্জাক, উর্ধ্বতন সহকারী পরিচালক (জনসংযোগ) মো: আনোয়ার হাবিব কাজল প্রমুখ। বিজ্ঞপ্তি।